যুগান্তর

তারিখ: 10 OCT 2016
পৃষ্ঠা: ১৫ কলাম: 2

# ২৯ অতিরিক্ত সচিব ও যুগ্ম সচিবের দফতর বদল

যুগান্তর রিপোর্ট

প্রশাসনে ২৯ অতিরিক্ত সচিব ও যুগ্ম সচিবের দফতর বদল হয়েছে। রোববার জনপ্রশাসন
মন্ত্রণালয় এ সংক্রান্ত পৃথক আদেশ জারি করেছে। ওএসডি অতিরিক্ত সচিব ড. দিলীপ কুমার
শর্মাকে শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব পদে, অর্থনৈতিক সম্পর্ক বিভাগে সংযুক্ত ওএসডি
কর্মকর্তা মাহমুদা বেগমকে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব পদে, অর্থনৈতিক
সম্পর্ক বিভাগে সংযুক্ত ওএসডি কর্মকর্তা বেগম ফরিদা নাসরিনকে অর্থনৈতিক সম্পর্ক
বিভাগের অতিরিক্ত সচিব পদে, ওএসডি কর্মকর্তা আবুল মনসুর মো. ফয়জুল্লাহকে
অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব পদে, ওএসডি কর্মকর্তা মো. ফজলুল হককে
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগে অতিরিক্ত সচিব পদে, ওএসডি কর্মকর্তা মুন্সী সফিউল
হককে বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব পদে, ওএসডি কর্মকর্তা মো. মাহবুব উল
আলমকে বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব পদে, ওএসডি কর্মকর্তা বেগম কামরুন নাহার
আহমেদকে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব পদে, ওএসডি কর্মকর্তা
বেগম ওএন সিদ্দিকা খানমকে পরিকল্পনা বিভাগের অতিরিক্ত সচিব পদে, ওএসডি কর্মকর্তা
মো. মুসলিম চৌধুরীকে অর্থ বিভাগের অতিরিক্ত সচিব পদে এবং ওএসডি কর্মকর্তা ড. মোল্লা
জালাল উদ্দিনকে শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব করা হয়েছে।
অপর আদেশে ওএসডি কর্মকর্তা শামসুন্নাহার বেগমকে সংস্কৃতি মন্ত্রণালয়ে সংযুক্ত,
জনপ্রশাসন মন্ত্রণালয়ে ন্যস্ত বেগম নাসরিন আরা সুরত আমিনকে পরিকল্পনা বিভাগে সংযুক্ত,
ওএসডি কর্মকর্তা গোলাম ফখরুদ্দিন আহমেদ চৌধুরীকে জ্বালানি ও খনিজসম্পদ বিভাগে
সংযুক্ত এবং ইকোনমিক এমপাওয়ারমেন্ট অব দ্য পুওরেস্ট ইন বাংলাদেশ প্রকল্পের পরিচালক
ভবেশচন্দ্র পোদ্দারকে ওএসডি করা হয়েছে। এছাড়া বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল
কর্পোরেশনের পরিচালক সৈয়দ মোহাম্মদ মোজাম্মেল হককে বাংলাদেশ পেট্রলিয়াম
কর্পোরেশনের পরিচালক পদে, ওএসডি কর্মকর্তা মো. সামছুর রহমানকে বাংলাদেশ ইস্পাত
ও প্রকৌশল কর্পোরেশনের পরিচালক পদে, ওএসডি কর্মকর্তা কোং খাম নীলমনি সিংহকে
বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশনের পরিচালক এবং ওএসডি কর্মকর্তা মো.
জাহিদুল ইসলামকে শিক্ষা মন্ত্রণালয়ের সিইপিডির প্রকল্প পরিচালক করা হয়েছে।
যুগ্ম সচিবদের মধ্যে চট্টগ্রামের অতিরিক্ত বিভাগীয় কমিশনার মমিনুর রশিদ আমিনকে চট্টগ্রাম
সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা পদে এবং ওএসডি কর্মকর্তা মো. নূর-উর
রহমানকে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সদস্য পদে, ওএসডি কর্মকর্তা গৌতম আইচ সরকারকে
প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালের সদস্য পদে, বিএডিসির সচিব মো. মনোয়ারুল ইসলামকে
বিএডিসির সদস্য পরিচালক পদে, ওএসডি কর্মকর্তা ড. ইয়ামিন আকবরীকে প্রাথমিক ও
গণশিক্ষা মন্ত্রণালয়ের বিদ্যালয়বিহীন এলাকায় ১৫০০টি বিদ্যালয় স্থাপন প্রকল্প পরিচালক
পদে, চট্টগ্রামের নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদফতরের পরিচালক মোহাম্মদ নুরুল
আলম নিজামীকে চট্টগ্রাম চা বোর্ডের সদস্য পদে এবং ইন্টিগ্রেটেড এগরিকালচার প্রডাক্টিভিটি
প্রকল্পের উপপরিচালক মো. হেমায়েত উদ্দিনকে কৃষি মন্ত্রণালয়ের এনএটিপি-২, ফেস-২-এর
প্রকল্প পরিচালক করা হয়েছে। এছাড়া জীবন বীমা কর্পোরেশনের জিএম কমলেশ কুমার
দাসকে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের যুগ্ম সচিব পদে, মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্ম সচিব মো.
আনোয়ার হোসেনকে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের যুগ্ম সচিব পদে এবং ওএসডি কর্মকর্তা
খালেদা আক্তারকে বিদ্যুৎ বিভাগের যুগ্ম সচিব করা হয়েছে।